কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
**www.dae.gov.bd**

স্মারক নং- ১২.১০.০০০০.১৬১.২২.০০১.২৩./৭৯৬ তারিখঃ২৮ /০৬/২০২৬ খ্রি.

**বিষয়: সার ও সারজাতীয় পণ্যের লেবেল অনুমোদনের বিষয়ে অনুসরণীয় বিষয়াবলী**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সার ও সারজাতীয় পণ্যের নিবন্ধন সনদ প্রাপ্তির পর অনুমোদিত লেবেলের আলোকে প্রস্তুতকৃত প্যাকেটে সার বাজারজাত না করে কিছু কিছু প্রতিষ্ঠান নিজেদের মতো প্যাকেটে বাজারজাত করছে। এটি রোধকল্পে নিম্নরুপ নির্দেশনা প্রদান করা হল-

১। নিবন্ধন সনদ প্রাপ্তির পর সার ও সারজাতীয় দ্রব্য বাজারজাতকরণের পূর্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার ব্যবস্থাপনা শাখা থেকে লেবেল অনুমোদন করাতে হবে। প্রতিষ্ঠানটির নিজস্ব ব্যবস্থাপনায় অনুমোদিত লেবেলটি সংরক্ষণ করতে হবে। অনুমোদিত লেবেলের আলোকে প্রস্তুতকৃত প্যাকেটে সার বাজারজাত না করলে সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ এবং সংশোধনী আইন, ২০১৮ এর ধারা ৪ অনুযায়ী ২ বছরের সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব ৫ লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হবেন।

২। অনুমোদিত লেবেল ৩ (তিন) মাসের মধ্যে পরিবর্তন করা যাবে না। লেবেল পরিবর্তনের ক্ষেত্রে অনুমোদিত পুরাতন লেবেল আবশ্যিকভাবে জমা দিতে হবে।

৩। অনুমোদিত লেবেল হারিয়ে গেলে পুনরায় লেবেল অনুমোদনের জন্য থানার জিডির কপিসহ আবেদন দাখিল করতে হবে।

৪। লেবেল অনুমোদনের পূর্বে পণ্যের ব্র্যান্ড নাম ডিএই'র ওয়েবসাইটে (www.dae.gov.bd) যাচাই করতে হবে যাতে কোন ব্র্যান্ডের নাম পুনরাবৃত্তি বা নকল না হয়।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য মনিটরিং করবেন।

২৮/৬/২৫

(মোঃ ওবায়দুর রহমান মন্ডল)
পরিচালক
সরেজমিন উইং

মেসার্স ........................................................
........................................................
........................................................ (সকল) প্রতিষ্ঠান

**কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) অনুলিপি:**

১। অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর.......................................জেলা (সকল)
৩। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। আপনাকে পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
৫। উপজেলা কৃষি অফিসার, ............................................................... (সকল)